

১। “পুষ্করিণী নির্জন হইয়া গেলে সেই বটগাছের তলাটা আমার সমস্ত মনকে অধিকার করিয়া লইত।” —উদ্ভূত অংশটি কোন্ লেখকের কোন্ রচনা থেকে গৃহীত? বক্তার মনের এমন অবস্থার কারণ কী? ২। “কিন্তু সমস্যা হচ্ছে যে বেশি লোকেরই আবার সেটা নেই কিনা?” —উক্ত লাইনটি কার লেখা, কোন্ রচনা থেকে গৃহীত? এখানে কোন্ পরিস্থিতিতে কী না থাকার কথা বলা হয়েছে? ৩। “কারণ মাটি যত সরস থাকে ধান তত ভালো হয়।” —কার লেখা কোন্ রচনা থেকে উক্তিটি নেওয়া হয়েছে? কোন্ প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে? ৪। “ধর্মমত আর রাজনীতিক মতের সত্যতা প্রমাণ করা অসাধ্য।” —কার কোন্ রচনা থেকে উদ্ভূতিটি নেওয়া হয়েছে? প্রমাণের অভাবে কী ঘটে বলে লেখক বলেছেন? ৫। “কৃষ্ণগোবিন্দের এক নূতন জ্বালা হইল।” —কার লেখা কোন্ উপন্যাসে কৃষ্ণগোবিন্দের নাম আছে? তার নতুন করে কোন্ জ্বালা উপস্থিত হয়েছিল? ৬। “তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে” —কার লেখা কোন্ কবিতা থেকে এই অংশটুকু নেওয়া হয়েছে? কবি কোন্ দুর্দিনে, কাকে, কেন স্মরণ করতে চাইছেন? ৭। “এদেশ আমার গর্ব / এ মাটি আমার কাছে সোনা।” —কোন কবিতা থেকে উক্ত লাইনদুটি গৃহীত হয়েছে? এখানে কবি আমাদের কী বলতে চেয়েছেন? ৮। “নমি আমি প্রতিজনে—আদিজ চণ্ডাল / প্রভু ক্রীতদাস।” —কোন কবির কোন্ সময়ে লেখা কোন্ কবিতা থেকে এই পঙ্ক্তিটি সংকলিত হয়েছে? এর অন্তর্নিহিত অর্থ ব্যাখ্যা করুন। ৯। “আনরে টেনে বাঁধা পথের শেষে”—কোন কবিতায় কবি কাদের উদ্দেশ্যে এ কথা বলেছেন? ‘বাঁধা পথের’ কথাটির প্রাসঙ্গিক অর্থ কী? ১০। বাংলা লেখার যোগ্য উপভাষার দুটি রূপ পদ্য ও গদ্যের মধ্যে পার্থক্য চিহ্নিত করে উদাহরণসহ এমন দুটি বৈশিষ্ট্যের পরিচয় দিন। ১১। চঞ্চলকুমারী, হেরম্ব, রতন, অগ্নীশ্বর — এই চরিত্রগুলি কোন্ লেখকের কোন্ রচনার অন্তর্ভুক্ত? ১২। “একাব্বর নামে রাজা অর্জুন অবতার” —মঙ্গলকাব্যের কোন্ কবির কাব্যে এই ‘একাব্বর’-এর কথা আছে? তাঁর রচিত কাব্যের নাম কী? ১৩। ‘দর্পণ’ নামযুক্ত প্রথম বাংলা নাটক কোনটি এবং তার নাট্যকার কে ছিলেন? এই ধারার আরএকটি নাটকের নাম লিখুন। ১৪। নিম্নলিখিত কবি-সাহিত্যিকদের জন্মসাল লিখুন : মানিক বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, কালিদাস রায়, বেগম রোকেয়া, কুন্তিলাস ওঝা, জীবনানন্দ

স্কুল সার্ভিস কমিশন - ২০১০

দাস, জগদীশচন্দ্র বসু, বিষ্ণু দে। ১৫। ‘মহাকাব্য’ কাকে বলে? ১৬। নিম্নলিখিত রচনাগুলির লেখকের নাম লিখুন এবং কোন্টি বিষয়নিষ্ঠ ও কোন্টি ব্যক্তিনিষ্ঠ তা নির্দেশ করুন : সাহিত্যের তাৎপর্য, মহাকাব্য, বসন্তের কোকিল, কৌতুক হাস্য। ১৭। ‘ট্রাজেডি’ নাটকে ‘ত্রয়ী ঐক্য’ কাকে বলে? ১৮। নিম্নলিখিত গ্রন্থগুলির লেখকের নামসহ প্রকাশনাকালানুসারে সাজিয়ে দিন : রাজা প্রতাপাদিত্য চরিত্র, কালান্তর, কুলীনকুল সর্বস্ব, পদ্মিনী উপাখ্যান। ১৯। নিম্নলিখিত পত্রিকাগুলি প্রথম কবে এবং কার সম্পাদনায় প্রকাশিত হয়? সবুজপত্র, সমাচার দর্পণ, তত্ত্ববোধিনী, ভারতী। ২০। নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম কী? অব্যক্ত, বিজ্ঞানরহস্য, জিজ্ঞাসা, বিশ্বপরিচয়। ২১। রবীন্দ্রনাথ, মানিক বন্দ্যোপাধ্যায়, তারাশংকর বন্দ্যোপাধ্যায়, প্রভাত কুমার বন্দ্যোপাধ্যায়—এঁদের লেখা একটি করে ছোটোগল্পের নাম লিখুন। ২২। বাংলায় পশ্চাৎ স্বরধ্বনি কয়টি ও কী কী? স্বরধ্বনিগুলির এমন নামকরণ হল কেন? ২৩। প্রকৃতি ও গঠনের দিক থেকে জটিল বাক্য ও যৌগিক বাক্যের মধ্যে যে পার্থক্য আছে তা উদাহরণসহ বুঝিয়ে দিন। ২৪। উদাহরণ সহযোগে ক্রিয়ার প্রকারগুলি বর্ণনা করুন। ২৫। নিম্নলিখিত বাক্যগুলিতে যেসব চিহ্নিত পদ আছে সেগুলির পরিচয় এবং বিভক্তি/অনুসর্গ নির্দেশ করুন : (ক) নাইট্রেট সার থেকে নদীর জল দূষিত হয়। (খ) পতিত হেরিয়া কাঁদে। (গ) হে বিধাতঃ নন্দনকাননে ভ্রমে দুরাচার দৈত্য? (ঘ) কার লাঠিতে তুই জখম হলি? ২৬। “লোকের ধান এখনও সব ঝাড়া হয়নি”—বাক্যটি কোন্ বাচ্যে আছে এবং কেন সেই বাচ্য হল? ২৭। ভাষার কোন্ উপাদানকে প্রত্যয় বলে? এই উপাদানকে প্রত্যয় বলা হয় কেন? ২৮। ব্যাকরণে ‘সমাস’-এর আলোচনায় ‘ব্যাসবাক্য’ ও ‘সমস্তপদ’ কথা দুটি ব্যবহৃত হয়। ‘ব্যাস’ ও ‘সমস্ত’—এই দুটি পদের প্রকৃতি প্রত্যয় নির্ণয় করুন এবং উদাহরণসহ বৈশিষ্ট্য ব্যাখ্যা করুন। ২৯। ‘পাত্র’ শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ কী? বাংলা ভাষায় অর্থ পরিবর্তনের কোন্ নিয়মানুসারে বিবাহ প্রসঙ্গে ‘পাত্র’ শব্দটি ব্যবহার হয়ে থাকে? ৩০। ধ্বনি পরিবর্তনের নাসিকীভবন সূত্রটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। ধ্বনি পরিবর্তনের কোন্ ক্ষেত্রকে স্বতোনাসিকীভবন বলা হয়, উদাহরণসহ বুঝিয়ে দিন।

